কোটচাঁদপুরের আর্দশপাড়ায় প্রবাসীর বাড়িতে চুরি

গতকাল বুধবার রাতে কোটচাঁদপুরের আর্দশপাড়ার মফিজুর রহমানের বাড়িতে চুরির ঘটনা ঘটেছে।

ভুক্তভোগী মফিজুর রহমান বলেন, গতকাল বুধবার (২৬ এপ্রিল) তারিখ রাতে আমার কোটচাঁদপুরের আর্দশপাড়ার বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। এ সময় তারা নগদ ৭০ হাজার টাকা, ৫ হাজার বিদেশি টাকা,বিভিন্ন প্রকার ৫ ভরি ওজনের স্বর্ণালংকার ও ব্যবহারের অনেক কিছু নিয়ে গেছেন চোরেরা। সব মিলিয়ে ৭ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে দাবি তাঁর।

তিনি বলেন, যশোরের মনিরামপুর পার খাজুরা গ্রামে আমার আরেকটি বাড়ি রয়েছে। ঈদে সবাই মিলে ওই বাড়িতে গিয়ে ছিলাম। আজ বৃহস্পতিবার (২৭ এপ্রিল) সকালে জানতে পারলাম, আমার কোটচাঁদপুরের বাড়িতে চুরি হয়েছে।

মফিজুর বলেন,চোরেরা প্রথমে আমার ছাদের ঘরের দরজা ভেঙ্গে বাড়িতে প্রবেশ করেন। এরপর ঘরের দরজা ভেঙ্গে সবকিছু নিয়ে যায়। জানা যায়, মফিজুর রহমান ছিলেন বিদেশ প্রবাসি। গেল কয়েক মাস হল তিনি বাড়িটি নির্মান করেছেন।

এ ব্যাপারে তিনি কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করেছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শাহ মোঃ আজিজ বলেন, চুরির ঘটনায় থানায় অভিযোগ করেছেন ভুক্তভোগী। ওসি স্যার ও সার্কেল স্যার ঘটনাস্থল পরিদর্শনে গিয়েছেন।